

বাংলাদেশ কোস্ট গার্ড এর অপারেশনাল কর্মকাণ্ডের সাফল্যের সচিত্র প্রতিবেদন - এপ্রিল ২০২৬

১। **সর্বমোট অর্জন।** এপ্রিল ২০২৬ মাসে ৪,৩৫১ অভিযান পরিচালনা করে সর্বমোট টাকা ১,২১৩ কোটি ২৬ লক্ষ ৩৯ হাজার ২৭২ মূল্যের বিভিন্ন প্রকার অবৈধ মালামাল আটক করা হয়। আটককৃত পণ্য আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।

২। **চোরাচালান বিরোধী অভিযান।** এপ্রিল ২০২৬ মাসে চোরাচালান বিরোধী অভিযানে মোট ১০ কোটি ২৫ লক্ষ ৯০ হাজার ২২০ টাকার বিভিন্ন প্রকার অবৈধ চোরাচালান পণ্য আটক করা হয়। আটককৃত পণ্য আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



ঢাকা জোন কর্তৃক আটককৃত অবৈধ চোরাচালান পণ্য



পূর্ব জোন কর্তৃক আটককৃত অবৈধ চোরাচালান পণ্য

৩। **অস্ত্র উদ্ধার অভিযান।** এপ্রিল ২০২৬ মাসে অবৈধ অস্ত্র উদ্ধার অভিযানে ১৩ টি আগ্নেয়াস্ত্র, ৪০ রাউন্ড তালা গোলা, ০৯ রাউন্ড ফাঁকা কার্তুজ, ১৪ টি ধারালো অস্ত্র এবং ২১ জন ডাকাতকে আটক করা হয়। আটককৃত ডাকাত ও অন্যান্য অস্ত্রাদি আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



পূর্ব জোন কর্তৃক আটককৃত অবৈধ অস্ত্র



পশ্চিম জোন কর্তৃক আটককৃত অবৈধ অস্ত্র

৪। **মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অভিযান।** এপ্রিল ২০২৬ মাসে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অভিযানে মোট ১৬,৯৯,২৩,১৪২ টাকা অর্থমূল্যের মাদকদ্রব্য তন্মধ্যে ২,৬৭,৪৯১ পিস ইয়াবা, ৪৩২ বোতল হইস্কি/বিয়ার/বিদেশি মদ, ১৪৮ বোতল ফেনসিডিল, ৮৩ কেজি ৭৫০ গ্রাম গাঁজা, ১১৫ লিটার বাংলা মদ, ১০,৯৫,৩৪৫ শলাকা সিগারেট/বিড়ি এবং ৫৪ জন মাদক ব্যবসায়ীকে আটক করা হয়। আটককৃত মাদকদ্রব্য ও মাদক ব্যবসায়ীদেরকে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



পূর্ব জোন কর্তৃক আটককৃত অবৈধ মাদকদ্রব্য



পশ্চিম জোন কর্তৃক আটককৃত অবৈধ মাদকদ্রব্য



দক্ষিণ জোন কর্তৃক আটককৃত অবৈধ মাদকদ্রব্য



ঢাকা জোন কর্তৃক আটককৃত অবৈধ মাদকদ্রব্য

৫। **মৎস্য সম্পদ রক্ষা অভিযান।** এপ্রিল ২০২৬ মাসে মৎস্য সম্পদ রক্ষা অভিযানে মোট ১,১৮৪,৯৯,৫৭,৩৫০ টাকা অর্থমূল্যের মালামাল তন্মধ্যে ৮,৯৭,৮৭,৭০০ মিটার কারেন্ট জাল, ৫,১৮১ পিস বেহন্দি জাল, ৫,৬৯,৮৮,৩৬১ মিটার চরঘেরা/অন্যান্য জাল, ২৯,০৩৮ কেজি ইলিশ/জাটকা, ৭৮৫ কেজি জেলি পুশকৃত চিংড়ি, ১৩,০০,১৩,০০০ পিস চিংড়ি পোনা, ৫৬,০০,০৬০ পিস অন্যান্য পোনা, ৭০,৭৫৮ কেজি অন্যান্য মাছ এবং ৬৯ টি বোট জব্দ করা হয়। জব্দকৃত বোট ও অন্যান্য পণ্য আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



পশ্চিম জোন কর্তৃক আটককৃত অবৈধ জাল



পূর্ব জোন কর্তৃক আটককৃত অবৈধ জাল



দক্ষিণ জোন কর্তৃক আটককৃত অবৈধ জাল



ঢাকা জোন কর্তৃক আটককৃত অবৈধ জাল

৬। বনজ সম্পদ ও পরিবেশ রক্ষা অভিযান। এপ্রিল ২০২৬ মাসে বনজ ও পরিবেশ রক্ষা অভিযানে মোট ১,০১,৬৮,৫৬০ টাকা অর্থমূল্যের মালামাল তন্মধ্যে ১৮৪ পিস কাঠ এবং ১০,৭৩৩ কেজি পলিথিন জব্দ করা হয়। আটককৃত মালামাল আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



পশ্চিম জোন কর্তৃক জব্দকৃত কাঠ



দক্ষিণ জোন কর্তৃক আটককৃত অবৈধ পলিথিন

সীমিত

৭। উদ্ধার অভিযান। এপ্রিল ২০২৬ মাসে উপকূলীয় অঞ্চলে বাংলাদেশ কোস্ট গার্ড কর্তৃক উদ্ধার অভিযান পরিচালনা করে ০৮ জন যাত্রী/জেলে/অপহৃত ব্যক্তিকে উদ্ধার করা হয়। উদ্ধারকৃত যাত্রী/জেলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



পশ্চিম জোন কর্তৃক উদ্ধারকৃত জেলে